## ষষ্ঠ ও সপ্তম শ্রেণীর সেশন পরিকল্পনার পুনঃবিবেচনা

## স্বাস্থ্য সুরক্ষা

**ষষ্ঠ** ও সপ্তম শ্রেণিতে নতুন শিক্ষাক্রম এই বছরেই চালু করা হলো বিধায় প্রস্তুতিসহ বিভিন্ন কাজ করতে ও নতুন শিক্ষাক্রমে অভ্যস্ত হতে কিছুটা সময় বেশি লেগেছে। তাই জানুয়ারি থেকে জুলাই মাসের প্রথম সপ্তাহ পর্যন্ত যতগুলো শিখন অভিজ্ঞতা সম্পন্ন করার পরিকল্পনা ছিল, অনেক ক্ষেত্রেই তা করা সম্ভব হয় নি।

১০ই নভেম্বরের মধ্যে ষষ্ঠ শ্রেণির অবশিষ্ট শিখন অভিজ্ঞতা ( ৩য়  থেকে ৬ষ্ঠ পর্যন্ত) ও সপ্তম শ্রেণির অবশিষ্ট শিখন অভিজ্ঞতা ( ৩য় থেকে ৮ম পর্যন্ত) সম্পন্ন করার জন্য শিক্ষকদের জন্য কয়েকটি নির্দেশনা নিচে দেয়া হলো-

**ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নে ষষ্ঠ ও সপ্তম শ্রেণীর যে অভিজ্ঞতা গুলোর মুল্যায়ন হয়েছে –**

| ৬ষ্ঠ | ৭ম |
|---|---|
| সুস্থ থাকি, আনন্দে থাকি, নিরাপদ থাকি | নিরাপদ ও সুষম খাবার খাই    সুস্থ সবল জীবন পাই |
| আমার কৈশোরের যত্ন | খেলাধুলায় গড়ি সুস্থ ও সুন্দর জীবন |

**ষষ্ঠ শ্রেণির আরও ৪ টি এবং ৭ম শ্রেণিতে ৬ টি অভিজ্ঞতা বাৎসরিক সামষ্টিক মূল্যায়নের পূর্বে শেষ করতে হবে –**

| শ্রেণি | অবশিষ্ট অভিজ্ঞতার সংখ্যা | পূর্ব পরিকল্পনা অনুযায়ী সেশন সংখ্যা | সামষ্টিক মূল্যায়নের পুর্বে যে কয়টি শ্রেণি সময় আছে ( ২৩ জুলাই – ১০ নভেম্বর ২০২৩) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ষষ্ঠ | ৪ টি | ৫০ | ১৬ সপ্তাহে ৩২ টি সেশন | • সময় বিবেচনা করে  ৬ষ্ঠ শ্রেণিতে ২৬ টি সেশনের সাথে ৬টি খেলার সেশন যুক্ত করা হয়েছে। ৬ষ্ঠ ও ৭ম শ্রেণিতে সেশনের সময়ের বাইরে ( বিদ্যালয় কার্যক্রম শুরুর আগে, টিফিনের সময় ও ছুটির পরের সময়ে শিক্ষার্থীদের খেলায় অনুপ্রাণিত করা যেতে পারে।<br>• যে সব বিদ্যালয়ে সেশন এগিয়ে থাকবে তারাও |
| সপ্তম | ৬টি | ৬৯ | ১৬ সপ্তাহে ৩২ টি সেশন | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | খেলার সেশন সমন্বয় করবেন। |

এছাড়া, সরকারি ছুটি, অন্যান্য বিষয়ের দিনব্যাপী শ্রেণি কার্যক্রম, প্রাকৃতিক দূর্যোগ ইত্যাদি কারনে শ্রেণিভেদে সেশনের তারতম্য হতে পারে। এই পরিপ্রেক্ষিতে, কিছু নির্দেশনা প্রস্তাব করা হল যা শিক্ষকদের যথা সময়ে কিছু শিখন সময় হাতে রেখেই সিলেবাসের সকল শিখন অভিজ্ঞতা শেষ করতে পারবেন।

**মনে রাখতে হবে, এই নির্দেশনা বা প্রস্তাব কেবল ২০২৩ সালের জন্য প্রযোজ্য। ২০২৪ সাল থেকে যথাযথভাবে শিক্ষক সহায়িকা অনুসরণ করে শ্রেণি কার্যক্রম পরিচালনা করতে হবে।**

## ষষ্ঠ শ্রেণি

| শিখন অভিজ্ঞতার শিরোনাম | শিক্ষকদের জন্য নির্দেশনা | পূর্বনির্ধারিত সেশন সংখ্যা | পরিমার্জিত সেশন সংখ্যা |
|---|---|---|---|
| **৩য় অভিজ্ঞতা:** চলো বন্ধু হই | সেশন ১+২=১ টি,<br>সেশন ৩ +৪ = ১টি<br>সেশন ৫ = ১ টি,<br>সেশন ৬ = ১টি,<br>সেশন ৭ = ১টি<br>সেশন ৪ = ১টি<br>[সেশন ৯ এর কাজ - কাকে বন্ধু নির্বাচন করতে চায় এবং তার সম্মতি নেয়ার একক কাজটি বাড়ীতে করে নিয়ে আসতে পারে; কীভাবে করবে শিক্ষার্থীদেরকে বুঝিয়ে দিতে হবে] | ১২ টি | ৮ টি |

| | | | |
|---|---|---|---|
| | সেশন ১০+১১=১ টি<br><br>[বন্ধু মেলার পরিকল্পনা ও মেলার প্রস্তুতিতে একটু কম সময় নিয়ে করবে। এক্ষেত্রে প্রিয় বন্ধু হতে যে কাজগুলো করেছে এবং সহমর্মিতা চর্চার কারণে যে উপলব্ধি তৈরি হয়েছে তা যেন স্পষ্ট হয় তা খেয়াল রাখতে হবে]<br><br>সেশন ১২=১টি | | |
| **৪র্থ অভিজ্ঞতা:**<br><br>চলো নিজেকে আবিষ্কার করি | সেশন ১+২=১ টি,<br><br>সেশন ৩+৪= ১ টি,<br><br>সেশন ৫ = ১ টি<br><br>সেশন ৬ =১টি<br><br>সেশন ৭ =১টি<br><br>[সেশন ৭ এ পরিকল্পনা করার সময় চেক করে ফিডব্যাক শ্রেণিতে দিয়ে দিতে হবে। ১ মাস রেকর্ড রাখার পরে বইগুলো তুলে নিয়ে ছুটির দিনে বা অন্য সুবিধাজনক সময়ে মূল্যায়নের ফিডব্যাক দিতে হবে। এতে ৮-১০ সেশন প্রয়োজন হবে না।] | ১০টি | ৫টি |
| **পঞ্চম অভিজ্ঞতা:**<br><br>অনুভূতি ও প্রয়োজনের কথা বলি | সেশন ১ = ১টি<br><br>সেশন ২+৩= ১ টি,<br><br>সেশন ৪+৫ = ১টি<br><br>সেশন ৬+৭=১টি,<br><br>[৪টি দল ৪টি গল্প নিয়ে কাজ করবে এবং উপস্থাপনের সময় অন্যদল তাদের পর্যবেক্ষণ যুক্ত করবে।] | ১৬ টি | ৭ টি |

| | | | |
|---|---|---|---|
| | সেশন ৮ =১টি<br>[৮নং সেশনের শেষে শিক্ষার্থীদেরকে পরিকল্পনার কাজটি বুঝিয়ে দিতে হবে। বাড়ীতে করে আনা পরিকল্পনায় সেশনের বাইরে বা ছুটির দিনে ফিডব্যাক দেওয়া যেতে পারে। এতে ৯ও ১০ নং সেশনের জন্য শ্রেণিকক্ষের সময়ের প্রয়োজন হবে না]<br>১১+১২+১৩+১৪+১৫=১ টি,<br>শিক্ষার্থীদেরকে দলে ভাগ করে দিয়ে একেকটি দলকে একেকটি গল্পের আলোকে ভূমিকাভিনয়ের প্রস্তুতি ও উপস্থাপন করতে দিতে হবে। গল্প, চরিত্র, সংলাপে সময় কমিয়ে দিয়ে যোগাযোগের মূল বিষয় ব্যবহার করছে কী না দেখতে হবে এবং সেশনের মধ্যেই যেন প্রস্তুতি ও উপস্থাপন শেষ করতে পারে তার জন্য সময় ভাগ করে দিতে হবে।<br>সেশন ১৬=১ টি | | |
| **ষষ্ঠ অভিজ্ঞতা:**<br>সম্পর্কের যত্নে খুঁজে পাই রত্ন | সেশন ১+২= ১ টি,<br>সেশন ৩+৪=১ টা,<br>সেশন ৫+৬+৭=১ টি<br>[সেশন ৭ এর কাজ শিক্ষক সংক্ষিপ্তভাবে বলে দিবেন]<br>সেশন ৮+৯=১ টি,<br>সেশন ১০ +১১ =১ টি<br>সময় সংক্ষেপ করার জন্য ভূমিকাভিনয়ের মাধ্যমে কৌশলগুলো মৌখিকভাবে আলোচনা করে উপস্থাপন করবে, স্ক্রীপ্ট লেখার প্রয়োজন নেই। মূল্যায়নে বক্তব্যের দিকে মনোযোগ না দিয়ে কৌশল ব্যবহারের দিকে বেশি মনোযোগ | ১২ টি | ৬ টি |

| | | | |
|---|---|---|---|
| | দিতে হবে।<br><br>সেশন ১২=১ টি | | |

সাধারণ নির্দেশনা:

১। দুই বা ততোধিক সেশন যুক্ত করে পরিচালনার ক্ষেত্রে শিক্ষক সংযুক্ত নির্দেশনা অনুসরণ করবেন। যেগুলোতে নির্দেশনা নেই ক্ষেত্রে আগে থেকে ঐ সেশনগুলোর কার্যক্রম পড়ে নিয়ে মোট কাজ বিবেচনা করে পরিকল্পনা করবেন। লক্ষ্য রাখবেন যেন সেশনের নির্দিষ্ট সময়ের মধ্যে কাজগুলো সম্পন্ন করতে পারেন।

২। কোন বিষয়ের শ্রেণীর বাইরের কাজের কারনে অন্য আরেকটি বিষয়ের শ্রেণি সময়কে প্রভাবিত না করে। অর্থাৎ স্বাস্থ্য সুরক্ষা বিষয়ের কার্যক্রম শেষ করতে অন্য কোনো বিষয়ের সময় ব্যবহার করা যাবে না। সকল বিষয়ের সেশন সময় পরিকল্পনা মত শেষ করতে হবে।

৩। দুর্যোগ বা অন্যান্য কারনে যদি বিদ্যালয় বন্ধ থাকে, শিক্ষক পূর্বে থেকে বাড়ীর কাজ, তথ্য সংগ্রহ, ব্যক্তিগত পরিকল্পনা এই ধরণের কাজগুলো শিক্ষার্থীদের বুঝিয়ে দিয়ে শিখন কার্যক্রম চলমান রাখতে পারেন যেন পরিকল্পনা অনুযায়ী সেশন শেষ করা সম্ভব হয়।

৪। যে কোন উপস্থাপনের সময় সব দলের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। দলের সকল সদস্যকে যাচাই করার স্বার্থে সবাইকে অল্প সময়ের জন্য হলেও উপস্থাপনের সুযোগ করে দিতে হবে। সেশন বা সেশনের সময় কমানোর জন্য দলের কোন সদস্যের অংশগ্রহণের সুযোগ নষ্ট করা যাবে না।

৫। ভূমিকাভিনয় ও অন্যান্য উপস্থাপনে একক বা দলগত সময়ের সঠিক ব্যবস্থাপনার জন্য সময় ভাগ করে আগে থেকে জানিয়ে দিতে হবে এবং কার্যক্রম চলাকালীন তা মাথায় রেখে পরিচালনা করতে হবে।

৬। প্রতিটি অভিজ্ঞতা শেষে শিক্ষার্থীদের পরিকল্পনা করার সময় দেখে ফিডব্যাক দিয়ে দিলে আলাদা সেশনের প্রয়োজনীয়তা এড়ানো সম্ভব হবে। পকিল্পনামত চর্চাগুলো দেখে ফিডব্যাক ও মূল্যায়ন করার জন্য শিক্ষককে নিজের মত করে সময় ঠিক করে নিতে হবে।

# সপ্তম শ্রেণি

| শিখন অভিজ্ঞতার শিরোনাম | শিক্ষকদের জন্য নির্দেশনা | পূর্বনির্ধারিত সেশন সংখ্যা | পরিমার্জিত সেশন সংখ্যা |
|---|---|---|---|
| **৩য় অভিজ্ঞতা:**<br><br>রোগ মোকাবিলায় খুঁজে পাই সুস্থ থাকার উপায় | সেশন ১ =১টি<br><br>সেশন ২ = ১টি<br><br>[সেশন ২ এর শেষে ঋতু/আবহাওয়া পরিবর্তনজনিত রোগের তালিকা অনুযায়ী তথ্যসূত্র ব্যবহার করে বাড়ীতে তথ্য সংগ্রহ করতে বলে দিতে হবে। এভাবে ৩নং সেশনটি শ্রেণিতে করার প্রয়োজন হবে না]<br><br>সেশন ৪ = ১টি<br><br>সেশন ৫ = ১টি<br><br>সেশন ৬+৭= ১টি<br><br>[সেশন ৭ এ যে কাজের নির্দেশনা আছে তা সেশন ৬ এর সাথেই দেয়া যাবে] | ৭টি | ৫টি |
| **৪র্থ অভিজ্ঞতা**<br><br>কৈশোরের আনন্দযাত্রা | সেশন ১+২=১ টি<br><br>সেশন ৩ = ১টি<br><br>[সেশন ৪ এর কাজটি বাড়ীতে করার জন্য বুঝিয়ে দিতে হবে]<br><br>সেশন ৫ + ৬=১ টি,<br><br>[সেশন ৭ বাড়িতে করবে],<br><br>সেশন ৮+৯=১ টি,<br><br>সেশন ১০ = ১টি | ১০টি | ৫টি |
| **৫ম অভিজ্ঞতা:**<br><br>বেড়ে উঠি মন ও | সেশন ১ +২ =১টি<br><br>সেশন ৩ =১টি | ১৭টি | ৯টি |

| | | | |
|---|---|---|---|
| মননে | সেশন ৪ +৫ =১ টি,<br>সেশন ৬+৭=১টি,<br>সেশন ৮ = ১টি<br>সেশন ৯ + ১০ = ১টি<br>সেশন ১১ = ১টি<br>সেশন ১২ এর কাজটি বুঝিয়ে দিয়ে শিক্ষার্থীদেরকে জোড়ায় ভাগ করে দিতে হবে। পরের সেশনের আগে যে কোন সময় অনুশীলন করে সংশ্লিষ্ট ছকটি পূরণ করে আনতে বলতে হবে।<br>সেশন ১৩+১৪=১ টি,<br>[সেশন ১৪ এর কাজটি বুঝিয়ে দিয়ে বাড়ীতে পরিকল্পনা করতে বলতে হবে]<br>সেশন ১৫+১৬+১৭=১ টি | | |
| **৬ষ্ঠ অভিজ্ঞতা:**<br>আমি হব আমার স্থপতি | সেশন ১ +২ =১টি<br>সেশন৩+৪+৫=১ টা<br>[সেশন ৫ এর সাক্ষাৎকার ২ এবং ৩ বাড়িতে করবে]<br>সেশন ৬+৭=১ টি<br>[সেশন ৬ এর রাগের অভিজ্ঞতা ও ব্যবস্থাপনা বিষয়ে উন্মুক্ত আলোচনা করে সেশন ৭ এর কাজ গ্রুপে ভাগ করে দেবেন এবং কাজ শেষে উপস্থাপন করবে।<br>[সেশন ৮ ও ৯ বাড়িতে করবে]<br>সেশন ১০ =১ টি<br>[সেশন ১০ এ প্রদর্শনী ও উপস্থাপনা | ১৩টি | ৪টি |

| | | | |
|---|---|---|---|
| | শেষে শিক্ষক ফিডব্যাক দেবেন এবং সুবিধামত সময়ে চর্চাগুরেঅ ঠিকমত করছে কী না দেখে মূল্যায়ন করবেন। এতে সেশন ১১, ১২,ও ১৩ কাজ বিকল্প উপায়ে করবেন।] | | |
| **৭ম অভিজ্ঞতা:**<br><br>**যোগাযোগে সঠিকভাবে প্রয়োজন প্রকাশ করি** | সেশন ১+২+৩=১ টি<br><br>২নং সেশনের চিন্তা, অনুভূতি ও আচরণের সম্পর্ক বুঝাতে 'বেড়ে উঠি মন ও মননে' অভিজ্ঞতার শিখন উল্লেখ করে দিয়ে শুধু অনুভূতির তালিকা থেকে অভিনয়ের অংশটি করুন।<br><br>সেশন ৪+৫=১ টি,<br><br>সেশন ৬+৭=১ টি,<br><br>সেশন ৮ = ১টি<br><br>সেশন ৯+১০=১ টি | ১০টি | ৫টি |
| **৮ম অভিজ্ঞতা:**<br><br>সম্পর্কের যত্ন করি, ভালো থাকি | সেশন ১ =১টি<br><br>সেশন ২+৩+৪=১ টি<br><br>[সম্পর্কের ইতিবাচক দিকগুলো নিয়ে অভিজ্ঞতা বিনিময়ের মূল লক্ষ্য সম্পর্ক কী কী ভাবে আমাদের শক্তি হিসেবে কাজ করে তা স্পষ্ট করতে হবে যাতে শিক্ষার্থীরা সম্পর্কের যত্নে আগ্রহবোধ করে।]<br><br>সেশন ৫+৬+৭=১ টি<br><br>সম্পর্কের নেতিবাচক প্রভাব তথা ঝুঁকি স্পষ্ট করতে হবে। নিজেদের নেতিবাচক আচরণ তুলে আনার জন্য অনুপ্রেরণা | ১২টি | ৫টি |

| | | | |
|---|---|---|---|
| | দিয়ে পরিবেশ সৃষ্টি করতে হবে।<br><br>সেশন ৮+৯+১০=১ টি,<br><br>সেশন ১০+১১+১২= ১ টি | | |

<u>সাধারণ নির্দেশনা:</u>

১। দুই বা ততোধিক সেশন যুক্ত করে পরিচালনার ক্ষেত্রে শিক্ষক সংযুক্ত নির্দেশনা অনুসরণ করবেন। যেগুলোতে নির্দেশনা নেই ক্ষেত্রে আগে থেকে ঐ সেশনগুলোর কার্যক্রম পড়ে নিয়ে মোট কাজ বিবেচনা করে পরিকল্পনা করবেন। লক্ষ্য রাখবেন যেন সেশনের নির্দিষ্ট সময়ের মধ্যে কাজগুলো সম্পন্ন করতে পারেন।

২। শিক্ষক লক্ষ্য রাখবেন কোন বিষয়ের শ্রেণীর বাইরের কাজের কারনে অন্য আরেকটি বিষয়ের শ্রেণি সময়কে প্রভাবিত না করে। অর্থাৎ স্বাস্থ্য সুরক্ষা বিষয়ের কার্যক্রম শেষ করতে অন্য কোনো বিষয়ের সময় ব্যবহার করা যাবে না। সকল বিষয়ের সেশন সময় পরিকল্পনা মত শেষ করতে হবে।

৩। দুর্যোগ বা অন্যান্য কারনে যদি বিদ্যালয় বন্ধ থাকে, শিক্ষক পূর্বে থেকে বাড়ীর কাজ, তথ্য সংগ্রহ, ব্যক্তিগত পরিকল্পনা এই ধরণের কাজগুলো শিক্ষার্থীদের বুঝিয়ে দিয়ে শিখন কার্যক্রম চলমান রাখতে পারেন যেন পরিকল্পনা অনুযায়ী সেশন শেষ করা সম্ভব হয়।

৪। যে কোন উপস্থাপনের সময় সব দলের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। দলের সকল সদস্যকে যাচাই করার স্বার্থে সবাইকে অল্প সময়ের জন্য হলেও উপস্থাপনের সুযোগ করে দিতে হবে। <u>সেশন বা সেশনের সময় কমানোর জন্য দলের কোন সদস্যের অংশগ্রহণের সুযোগ নষ্ট করা যাবে না।</u>

৫। ভূমিকাভিনয় ও অন্যান্য উপস্থাপনে একক বা দলগত সময়ের সঠিক ব্যবস্থাপনার জন্য সময় ভাগ করে আগে থেকে জানিয়ে দিতে হবে এবং কার্যক্রম চলাকালীন তা মাথায় রেখে পরিচালনা করতে হবে।

৬। প্রতিটি অভিজ্ঞতা শেষে শিক্ষার্থীদের পরিকল্পনা করার সময় দেখে ফিডব্যাক দিয়ে দিলে আলাদা সেশনের প্রয়োজনীয়তা এড়ানো সম্ভব হবে। পকিল্পনামত চর্চাগুলো দেখে ফিডব্যাক ও মূল্যায়ন করার জন্য শিক্ষককে নিজের মত করে সময় ঠিক করে নিতে হবে।